দৈনিক বাংলা

4

তারিখ 19 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 1

বাংলা শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৩৪

# কাল মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষা: ১২০০ আসনে ১১ হাজার প্রার্থী

॥ সমন মোদক ॥

চলতি শিক্ষাবর্ষে (১৯৮৮-৮৯) মেডিকাল কলেজসমূহে ভর্তি পরীক্ষা আগামীকাল শুক্রবার অনুষ্ঠিত হবে। আটটি মেডিক্যাল কলেজের ১২০০ আসনের জন্য পরীক্ষার্থীর সংখ্যা ১১ হাজার ৫৭৪ জন। তাছাড়া জমা দেয়ার পর ১৫৭ জনের আবেদনপত্র বাতিল হয়ে যায়। গত শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে ৮ হাজার ৮০৭ জন।

এ বছর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সর্বনিম্ন যোগ্যতা হল: নিয়মিত ছাত্রছাত্রীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত কমপক্ষে ১২০০ নম্বর। এ ক্ষেত্রে যে কোন একটি পরীক্ষায় দ্বিতীয় বিভাগে পাশ করে মোট ১২০০ নম্বর পেলে চলবে। গত শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সর্বনিম্ন যোগ্যতা ছিল এসএসসি ও এইচএসসি পরীক্ষায় পৃথকভাবে প্রথম বিভাগে পাশ। এ বছর পরীক্ষার প্রশ্নপত্র হবে এম সি কিউ (অর্থাৎ মালটিপল চয়েজ কোয়েশ্চন) আকারে।—যা এই বছর প্রথম। চলতি শিক্ষাবর্ষে ভর্তির নিয়ম পরিবর্তনের সংবাদে ১৯৭৮-৭৯ থেকে ১৯৮৮-৮৯ পর্যন্ত মেডিকাল কলেজসমূহে ভর্তির নিয়ম পরিবর্তন করা হয় ১১ বছরে ৯ বার।

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ১১ হাজার প্রার্থী

(প্রথম পৃঃ পর)

এ বছর ১১ হাজার ৫৭৪ জন পরীক্ষার্থীর মধ্যে ঢাকা মেডিক্যাল কলেজে ৫০৪৮, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজে ১১৫১. চট্টগ্রাম মেডিক্যাল কলেজে ১৪২০, রাজশাহী মেডিক্যাল কলেজে ১৩০৩, ময়মনসিংহ মেডিক্যাল কলেজে ১১৮৪, রংপুর মেডিক্যাল কলেজে ৬৭৭, শেরেবাংলা মেডিক্যাল কলেজ (বরিশাল)-এ ৪৭৬, ও এম এ জী ওসমানী মেডিক্যাল কলেজে ৩০৫ জন ভর্তি পরীক্ষায় অংশ নেবে। পরীক্ষার্থীরা যে মেডিক্যাল কলেজে ভর্তি ফরম জমা দিয়েছে ঢাকা মেডিক্যাল ব্যতীত বাকী সবার পরীক্ষা সংশ্লিষ্ট মেডিক্যাল কলেজেই অনুষ্ঠিত হবে। ঢাকা মেডিক্যাল কলেজে যারা ফরম দিয়েছে তাদের ক্ষেত্রে ছাত্রদের পরীক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন ও এন এক্স ভবনে এবং ছাত্রীদের পরীক্ষা ইডেন কলেজে অনুষ্ঠিত হবে। সকাল ৯টায় এ পরীক্ষা শুরু হবে।